দৈনিক খবর

তারিখ ... 16 JUN 1991 ...
পৃষ্ঠা ...

চট্টগ্রামে বিকল্প ক্লাস শুরু ।। শিবিরের কর্মসূচী স্থগিত

# বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এমন ঘটনা এই প্রথম

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৫ই জুন।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষক পরিষদ আজ শনিবার থেকে শহরের এম ই এস কলেজে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্লাস সাময়িকভাবে নেয়া শুরু করেছেন। সন্ত্রাসের কারণে ক্যাম্পাসের বাইরে ক্লাস নেয়ার ঘটনা দেশের বিশ্ববিদ্যালয়সমূহের ইতিহাসে এই প্রথম। পুলিশ এম ই এস কলেজ এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে।

১৬টি বিভাগের তৃতীয় বর্ষ সম্মান ও স্নাতকোত্তর শেষ পর্বের ছাত্রছাত্রীদের বিশেষ ব্যবস্থায় এখানে ক্লাস নেয়া হচ্ছে। প্রত্যেক বিভাগের ৪টি করে মোট ৬৪টি ক্লাস নেয়া হয়। বিকল্প ব্যবস্থায় অংশগ্রহণকারী শিক্ষকদের পক্ষ থেকে হিসাব বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মঞ্জুর মোর্শেদ মাহমুদ জানিয়েছেন, বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষক আজ উপস্থিত ছিলেন এবং ৩ হাজারের বেশী ছাত্রছাত্রী ক্লাসে যোগদান করে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস যতদিন শিবিরের সশস্ত্র দখলে থাকবে এবং শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বাভাবিক অবস্থা পুনঃপ্রতিষ্ঠা না হবে, ততদিন ক্লাস গ্রহণের বর্তমান বিকল্প ব্যবস্থা চালু থাকবে। তিনি জানান, শিক্ষকদের কাছে এটা অত্যন্ত বিস্ময়, বেদনা ও ক্ষোভের ব্যাপার যে, সরকার এতদিনেও শিবিরের দখলদারিত্ব থেকে ক্যাম্পাসকে মুক্ত করার কোন ব্যবস্থাই গ্রহণ করেননি। তারা আশা করেন যে, সরকার সন্ত্রাসী গোষ্ঠীর দখল থেকে মুক্ত করে ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনবেন।

বিকল্প ক্লাসসমূহ আগামীকাল থেকে এক শিফটে নেয়া হবে। সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত ক্লাস হবে।

*শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে*

## বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে

*প্রথম পৃষ্ঠার পর*

বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্লাস গ্রহণের বিকল্প ব্যবস্থার খবরে নগরীর সর্বস্তরের বিপুল জনতা আজ সকাল থেকে এম ই এস কলেজ এলাকায় গিয়ে ভিড় করেন। উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রীও আজ ক্লাসে যোগ দেন।

### শিবিরের কর্মসূচী স্থগিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির আহূত আগামীকালের ছাত্র ধর্মঘট এবং ১৭ তারিখের কর্মসূচী স্থগিত ঘোষণা করা হয়েছে। আজ বিকেলে লালদীঘি ময়দানে অনুষ্ঠিত শিবিরের ছাত্র গণজমায়েতে এই ঘোষণা দেয়া হয়। জমায়েতে সভাপতিত্ব করেন নূরুল আবসার। এতে মানসুর আহমদ, মোস্তফা কামাল চৌধুরী, মোহাম্মদ শাহজাহান ও বদরুল হক বক্তব্য রাখেন। তারা বলেন, বাইরে বিশ্ববিদ্যালয়ের ক্লাস নেয়ার কর্মসূচী ছাত্র-শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে। তারা বর্তমান ভিসিকে অবিলম্বে অপসারণসহ তদন্ত কমিশনের রিপোর্ট বাস্তবায়নের দাবী জানান।

সর্বদলীয় ছাত্র ঐক্যের ক্যাম্পাস অবরোধ কর্মসূচীর আজ সপ্তম দিবসে বিশ্ববিদ্যালয় ১ নম্বর গেটে সমাবেশ অনুষ্ঠিত হয়। চাকসু ভিপি মোহাম্মদ নাজিমউদ্দিন সভাপতিত্ব করেন। বক্তারা ক্যাম্পাস থেকে সন্ত্রাসী চক্রকে গ্রেফতার না করা পর্যন্ত অবরোধ কর্মসূচী অব্যাহত থাকবে বলে ঘোষণা করেন। এ প্রসঙ্গে তারা উল্লেখ করেন যে, সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে প্রশাসনের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যর্থ হলে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃত্বে সাধারণ ছাত্রছাত্রীরা খুনী ও সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বাধ্য হবে। মহিউদ্দিন বাদল, মিজানুর রহমান, মনসুরুল হক ও মহিউদ্দিন আহমেদ বক্তব্য রাখেন।

### ডিআইজি অফিস ঘোরাও ও স্মারকলিপি পেশ

সর্বদলীয় ছাত্র ঐক্য আজ নাসিরাবাদে পুলিশের ডিআইজি অফিস ঘেরাও করে এবং স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে ক্যাম্পাস থেকে অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানানো হয়। সেখানে অশোক বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র ঐক্যের এক সমাবেশে চাকসু জিএস আজিম উদ্দিন, রুবানা কাফি ঝর্ণা, মনজুর আলম ও মোকাদ্দেস আলী মজুমদার বক্তৃতা করেন।

### শিক্ষক পরিষদের সভায় ক্ষোভ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের উদ্যোগে আজ ক্যাম্পাসে অনুষ্ঠিত এক সভায় কতিপয় শিক্ষকের এম ই এস কলেজে ভার্সিটি ছাত্রদের ক্লাস নেয়ার কর্মসূচীতে ক্ষোভ প্রকাশ করা হয়। ডঃ মাহফুজুল হক সভায় সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন ডঃ মাহবুব উল্লাহ, ডঃ আবুল কালাম আজাদ, অধ্যাপক ইউসুফ শরীফ আহমেদ খানসহ শিক্ষক পরিষদ নেতৃবৃন্দ।